

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন শাখা
www.probashi.gov.bd


নং- ৪৯.০০.০০০০.০৪১.১৮.৫৭.১৬.৪০৪

তারিখঃ ১৬ এপ্রিল ২০১৭

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের গত ২৮ মার্চ ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী প্রেরণ।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২৮ মার্চ ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০৪ (চার) পাতা


(মোহাম্মদ শাহীন)

সদস্য-সচিব, ইনোভেশন টিম ও
উপসচিব

ফোন: ৪৯৩৫৭১০৮

ইমেইল: shaheen.moni@gmail.com

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বাজেট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২ যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩ যুগ্মসচিব/উপসচিব (মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪ উপসচিব (কল্যাণ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৫ উপপ্রধান (পরিচালনা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় জ্ঞাতার্থে:

- ০১ সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]।
- ০২ মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এ টু আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৩ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫ মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৬ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৭ মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮ সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯ সিনিয়র সহকারী সচিব (সমন্বয় শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১০ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশ করা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের ই-মেইলে প্রেরণ করার অনুরোধসহ)।
- ১১ অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১২ অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
 www.probashi.gov.bd

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২৮ মার্চ ২০১৭ তারিখের সভার কার্যবিবরণী।

০১। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি সদ্য প্রণীত বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ অনুসারে স্ব স্ব দপ্তর/সংস্থার কার্যক্রম শুরু করার আহবান জানান। অতঃপর তিনি ইনোভেশন টিমের সদস্য-সচিবকে উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ এর আলোকে আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব বলেন যে, বিগত বছর গৃহীত কার্যক্রমের অধিকাংশ সম্পন্ন হয়েছে। বিগত বছরের উদ্ভাবনী পরিকল্পনা ছাড়াও উদ্ভাবনী অন্যান্য কার্যক্রমও এ সভায় নিয়মিত আলোচনা হয়েছে এবং এ সকল কার্যক্রম চলমান রয়েছে। সংস্থা/দপ্তরসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন অনুসারে সদস্য-সচিব এ বছরের কর্মপরিকল্পনার আলোকে সার্বিক বিষয় উপস্থাপন করেন।

০৩। সভার আলোচনায় সকলের অংশগ্রহণে নিম্নোক্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণ করা হয়।


ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
৩.১	অভিবাসন প্রবণ জেলাসমূহে স্মার্ট কার্ড/বহির্গমন ছাড়পত্র প্রদান কার্যক্রম বিকেন্দ্রীকরণ।	চট্টগ্রামে এ কার্যক্রমটি পূর্ণাঙ্গভাবে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। মানিকগঞ্জ, সিলেট, যশোর, রাজশাহী, রংপুর, বগুড়া ও কুমিল্লায় এ কার্যক্রমটি পূর্ণাঙ্গভাবে বিকেন্দ্রীকরণের নিমিত্ত বুয়েটের কারিগরি সহায়তা চাওয়া হয়েছে।	গুরুত্বপূর্ণ এ সেবাটি আরও বিকেন্দ্রীকরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য বিএমইটি এবং ওয়েলফেয়ার বোর্ডকে অনুরোধ করা হয়।
৩.২	বিদেশে গমনেচ্ছু কর্মীদের সেবা সহজীকরণ কার্যক্রমের ধারাবাহিকতায় আরো ১৫ টি ডিইএমও-তে ফিঙ্গারপ্রিন্ট কার্যক্রম চালুকরণের মাধ্যমে ২৫ টি ডিইএমও-তে এ কার্যক্রম সম্প্রসারণ।	সভায় উপস্থিত বিএমইটি'র প্রতিনিধি জানান যে, ২৫টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে (ডিইএমও-তে) এ কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। ফলে এ সকল জেলার বিদেশগামী কর্মীগণকে এ কাজে আর ঢাকায় আসতে হবে না।	এ সকল জেলার বিদেশগামী কর্মীগণের এ সেবা প্রাপ্তিতে তাদের সময়, ভিজিট ও খরচ হ্রাসে কর্মতৎপরতা অব্যাহত রাখার অনুরোধ করা হয়।
৩.৩	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্যদের এনওসি প্রদান কার্যক্রম পর্যায়ক্রমে অভিবাসন প্রবণ জেলাসমূহে বিকেন্দ্রীকরণ।	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্য বা নিকট আত্মীয়ের সে দেশে যাওয়ার ক্ষেত্রে এনওসি সেবা প্রদানের কার্যক্রমটি পর্যায়ক্রমে বিভাগীয় ও জেলা পর্যায়ে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে চট্টগ্রাম ও সিলেটে এ সেবাটি প্রদান করা হচ্ছে বলে সভাকে অবহিত করা হয়।	বিদেশে কর্মরত বাংলাদেশী কর্মীদের পোষ্যদের বা নিকট আত্মীয়ের সে দেশে যাওয়ার ক্ষেত্রে এনওসি সেবা প্রদান কার্যক্রমটি জেলা পর্যায়ে প্রদানে প্রয়োজনীয় উদ্যোগ ও প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৪	যশোর টিটিসি কর্তৃক উদ্ভাবিত ডিজিটাল ম্যানেজমেন্ট সিস্টেম এর মাধ্যমে অন্যান্য টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন।	যশোর টিটিসি-তে উদ্ভাবিত প্রশিক্ষণ ব্যবস্থাপনার এ সিস্টেমটি পর্যায়ক্রমে দেশের অন্যান্য টিটিসি-তে replicate করে অনুরূপ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	যশোরে অনুসৃত ডিজিটাল ম্যানেজমেন্ট পদ্ধতি replicate করে প্রথম পর্যায়ে ৩ (তিন) টি টিটিসি-তে প্রশিক্ষণ কার্যক্রমে অনুরূপ প্রশিক্ষণ পদ্ধতি পরিচালনার উদ্যোগ গ্রহণের জন্য বিএমইটি-কে

৩.৫	ব্যুরোর ওয়েবসাইটে অধিকসংখ্যক প্রবাসী বাংলাদেশী কর্মী অধ্যুষিত দেশসমূহের Country Specific Guideline প্রকাশ।	বিদেশ গমনেচ্ছু কর্মী এবং এ কার্যক্রমে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের সুবিধার্থে বর্তমানে যে সকল দেশে অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী গমন করে সে সকল দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় পুনরায় গুরুত্বারোপ করা হয়। বর্তমানে ওমান, কাতার, বাহরাইনসহ ৫টি দেশের তথ্য বিএমইটি'র ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে বলে বিএমইটি'র সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।	অনুরোধ করা হয়। অধিকসংখ্যক বাংলাদেশী কর্মী কর্মী গমন করে এমন দেশের Country Specific Guideline ওয়েবসাইটে প্রকাশ করার কার্যক্রমটি অব্যাহত রাখার এবং গুরুত্বপূর্ণ তথ্য এতে সন্নিবেশ করার বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.৬	বিএমইটি'র সদর দপ্তর এবং এর অধীনস্থ দপ্তরসমূহের প্রদেয় সেবাসমূহ সোশ্যাল মিডিয়ায় প্রচার।	একটি ফেইসবুক স্যোসাল মিডিয়া আনুষ্ঠানিকভাবে চালু করার পরিকল্পনা রয়েছে বলে বিএমইটি'র উপস্থিত কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ প্রসঙ্গে সভার সভাপতি বলেন যে, সকল পর্যায়ে দপ্তর/প্রতিষ্ঠানসমূহকে স্যোসাল মিডিয়ায় ব্যবহার করতে হবে। বিএমইটির ন্যায় এ মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সংস্থাকেও এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় তাগিদ দেয়া হয়।	১। বিএমইটি'র অধিনস্থ দপ্তরসমূহেও স্যোসাল মিডিয়া ব্যবহার কার্যক্রম গ্রহণের ব্যবস্থা করার বিষয়ে বিএমইটি-কে অনুরোধ করা হয়। ২। অত্র মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নাস ওয়েলফেয়ার বোর্ড, বোয়েসেল ও প্রবাসী কল্যাণ ব্যাংক-কে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।
৩.৭	অভিযোগ ব্যবস্থাপনার পর্যায়ক্রমিক ধাপসমূহ এসএমএসের মাধ্যমে অবহিতকরণ।	অভিযোগ ব্যবস্থাপনায় পত্রের পাশাপাশি অভিযোগকারীকে এসএমএস-এ তথ্য প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে বলে বিএমইটি'র সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ কার্যক্রমে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুসৃত পদ্ধতি অনুসরণ করার বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন।	অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিকে আরো আধুনিক ও mechanized করার মাধ্যমে অভিযোগকারীকে আপডেট স্ট্যাটাস প্রদান এবং সেবা প্রদান কার্যক্রমকে আরো দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়।
৩.৮	বিএমইটির নিজস্ব আর্কাইভ সংরক্ষণ	এ কার্যক্রমটি বর্তমানে পর্যালোচনা পর্যায়ে রয়েছে বলে সভাকে অবহিত করা হয়। এ প্রসঙ্গে অন্যান্য প্রতিষ্ঠানের অনুরূপ কার্যক্রম হতে অভিজ্ঞতা গ্রহণের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	যথাযথ পর্যালোচনাপূর্বক এ কার্যক্রমটি শুরু করার অনুরোধ করা হয়।
৩.৯	বৈদেশিক কর্মসংস্থান নিয়ে বিদেশ গমনকারী নারী কর্মীদের সংখ্যা আরো বৃদ্ধির লক্ষ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের পাশাপাশি বিদেশ গমনেচ্ছু নারী কর্মীদের ই-লার্ণিং পদ্ধতিতে গৃহকর্মী পেশায় প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অন্যান্য জেলায় সম্প্রসারণ।	বর্তমানে এ কার্যক্রমটি ২৬ টি জেলার টিটিসি-তে সম্প্রসারণ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।	পর্যায়ক্রমে অন্যান্য টিটিসিতেও বিদেশ গমনেচ্ছু নারী কর্মীদের ই-লার্ণিং পদ্ধতিতে গৃহকর্মী পেশায় প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করার জন্য বিএমইটি-কে অনুরোধ করা হয়।
৩.১০	ই-লার্ণিং ডেভলপমেন্ট শীর্ষক পাইলট প্রকল্পের আওতায় আরো ৫ টি ট্রেড যথাক্রমেঃ আটোমোবাইল, আরএসি, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও গার্মেন্টস ই-লার্ণিং	ই-লার্ণিং প্ল্যাটফর্মের আওতায় আটোমোবাইল, আরএসি, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও গার্মেন্টস -এ ৫টি ট্রেড এর কন্টেন্ট প্রস্তুতের কাজ চলছে বলে সভাকে অবহিত করা হয়।	কার্যক্রমটি ত্বরান্বিত করার এবং এর যথাযথ ব্যবহারের লক্ষ্যে প্রচারণাসহ ব্রিফিং প্রদানের সময় এবং হাউজমেইট প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের সময় এ বিষয়টি বিস্তারিত আলোচনা করার কার্যকর ব্যবস্থা

	প্লাটফর্মের আওতায় বাস্তবায়ন।		গ্রহণের জন্য অনুরোধ করা হয়।
৩.১১	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহের যাচাই-বাছাইপূর্বক বাস্তবায়নের অনুমোদন গ্রহণ এবং সারাদেশে তা বাস্তবায়ন।	বিএমইটি'র সেবাসমূহ আরো জনবান্ধব করার লক্ষ্যে প্রাপ্ত সকল উদ্ভাবনী ধারণার তালিকা প্রস্তুত করে এ বিষয়ে আরো প্রচারণার ব্যবস্থা করা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তা বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং ক্ষেত্র বিশেষে তা অন্যান্য প্রতিষ্ঠানে replicate করার বিষয়েও সভায় অভিমত ব্যক্ত করা হয়।	১। ধারণাসমূহ যাচাই বাছাইপূর্বক তা বাস্তবায়নে এবং ক্ষেত্র বিশেষে তা অন্যান্য প্রতিষ্ঠানে replicate করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়। ২। অধিকতর ব্যবহার এবং সর্বমহলে জানার সুবিধার্থে উদ্ভাবনী কার্যক্রমসমূহের প্রচারণার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।
৩.১২	শিক্ষাবৃত্তি প্রদান।	প্রবাসী কর্মীর সন্তানদের অনুকূলে ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড কর্তৃক পরিচালিত শিক্ষাবৃত্তি প্রদান কার্যক্রমটির আবেদন গ্রহণ ও তা প্রক্রিয়াকরণে ডিজিটাইজেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ পদ্ধতিতে সম্ভাব্য আবেদনকারীগণ অনলাইনে আবেদন করার সুযোগ পাবেন।	সভায় এ উদ্যোগকে স্বাগত জানানো হয়। কার্যক্রমটি ত্বরান্বিত করা এবং সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত যথাযথ পদ্ধতি অনুসরণের অনুরোধ করা হয়।
৩.১৩	ই-ফাইলিং চালুকরণ।	এ কার্যক্রমটি আংশিক চালু হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।	পর্যায়ক্রমে এ কার্যক্রমটির বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।
৩.১৪	সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র (Expatriates' Digital Center) (ইডিসি) স্থাপন।	সৌদি আরবে প্রবাসী তথ্য সেবা কেন্দ্র (Expatriates' Digital Center) (ইডিসি) স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এটিআই কর্মসূচির সহায়তায় এ কার্যক্রমটি বাস্তবায়ন করা হবে বলে সভায় অবহিত করা হয়।	সভায় এ উদ্যোগকে স্বাগত জানানো হয়। কার্যক্রমটি ত্বরান্বিত করা এবং সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত যথাযথ প্রক্রিয়া অনুসরণের অনুরোধ করা হয়।
৩.১৫	সোশ্যাল মিডিয়ার ব্যবহার চালুকরণ।	ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ড এর ফেইসবুক একাউন্ট খোলা হয়েছে বলে সভায় জানানো হয়।	সোশ্যাল মিডিয়ার যথাযথ ও সুষ্ঠু ব্যবহারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়।
৩.১৬	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধি।	ওয়েজ আর্নার্স ওয়েলফেয়ার বোর্ডের উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্টাডি ভিজিট ও প্রশিক্ষণের পরিকল্পনা রয়েছে।	উদ্ভাবন সহায়ক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত বিভিন্ন স্টাডি ভিজিট ও প্রশিক্ষণের পরিকল্পনা অনুসারে কার্যক্রম গ্রহণের অনুরোধ করা হয়।
৩.১৭	বিদেশগামী কর্মীদের তথ্য অবহিতকরণের জন্য মোবাইল অ্যাপস তৈরীকরণ।	বিদেশগামী কর্মীদের তথ্য অবহিতকরণের জন্য মোবাইল অ্যাপস তৈরীর কাজে ভেভর নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে বলে বোয়েসেলের সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন।	কার্যক্রমটি বাস্তবায়নে যথাযথ প্রক্রিয়ায় তা সম্পন্ন করার অনুরোধ করা হয়।
৩.১৯	এসএমএস প্রেরণ সংক্রান্ত কার্যক্রম চূড়ান্ত বাস্তবায়নের লক্ষ্যে পাইলট	ব্যাংকিং সফটওয়্যার হতে এসএমএস প্রেরণ কার্যক্রম প্রথমে পরীক্ষামূলকভাবে দেখা হবে	এসএমএস প্রেরণ সংক্রান্ত কার্যক্রম চূড়ান্ত বাস্তবায়নের লক্ষ্যে পাইলট প্রকল্প থেকে

	প্রকল্পের থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণপূর্বক ফলাফল প্রস্তুতকরণ।	বলে প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মকর্তা সভায় জানান।	প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণপূর্বক ফলাফল এবং ব্যবহৃতব্য ব্যাংকের সফটওয়্যার এর অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করার অনুরোধ করা হয়।
--	--	--	--

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


26/8/19

(জাবেদ আহমেদ)

সভার সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার
অতিরিক্ত সচিব (প্রশাসন)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়